ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং- ৪৭

১৭ নভেম্বর ২০২১
তারিখঃ ------------------
০২ অগ্রহায়ণ ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**অদাবীকৃত আমানত ও মূল্যবান সামগ্রীর তালিকা বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শন প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১২ সেপ্টেম্বর ২০১৮ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে এই মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল যে, ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৩৫(৯) ধারা অনুযায়ী অদাবীকৃত আমানত ও মূল্যবান সামগ্রীর তালিকা বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে এক বছর ধরে প্রদর্শনের লক্ষ্যে ব্যাংকসমূহ উক্ত বিবরণীর সফটকপি বাংলাদেশ ব্যাংকে নিয়মিত সরবরাহ করবে। তদ্প্রেক্ষিতে, ব্যাংকসমূহ কর্তৃক অদাবীকৃত আমানত হিসেবে জমাকৃত অর্থের বিবরণীর সফটকপি ইমেইল, সিডি আকারে এবং ইউএসবি ডিভাইসের মাধ্যমে এ বিভাগে প্রেরণ করা হয়।

০৩। এক্ষণে, তথ্যের তদারকি নিশ্চিতকরণ, সম্ভাব্য সাইবার নিরাপত্তা ঝুঁকি হ্রাসকরণের বিষয়টি বিবেচনায় নিয়ে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শনের লক্ষ্যে আপনাদের ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংকে জমাকৃত অদাবীকৃত আমানত ও মূল্যবান সামগ্রীর বিবরণীর সফটকপি ইমেইল, সিডি অথবা ইউএসবি ডিভাইসের মাধ্যমে এ বিভাগে প্রেরণের পরিবর্তে এখন থেকে আপনাদের ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শিত তালিকার লিংক ইমেইলের মাধ্যমে সরাসরি ইনফরমেশন সিস্টেমস্ ডেভেলপমেন্ট এন্ড সাপোর্ট ডিপার্টমেন্টে (webmaster@bb.org.bd) এবং এর সিসি কপি এ বিভাগ বরাবর (gm.brpd@bb.org.bd) প্রেরণের জন্য আপনাদেরকে নির্দেশ প্রদান করা হলো। তবে, অদাবীকৃত আমানত ও মূল্যবান সামগ্রীর বিবরণীর হার্ডকপি আপনাদের কর্তৃক যথারীতি এ বিভাগে প্রেরণ করতে হবে।

০৪। বিআরপিডি সার্কুলার নং-১০/২০১৮ এ বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০২৫২।